# UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)
# ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

**Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.**

**Email. updfcht@gmail.com Website: www.updfcht.com**


***Ref:*** ***Date:*** *২২ জুলাই ২০২৫*

প্রেস বিজ্ঞপ্তি

## ঢাকায় বিমান বাহিনীর প্রশিক্ষণ বিমান বিধ্বস্তে নিহতদের জন্য ইউপিডিএফ ও সহযোগি সংগঠনের শোক, তদন্ত কমিটি গঠনের দাবি

গতকাল রাজধানী ঢাকার উত্তরায় মাইলস্টোন স্কুল ও কলেজ ভবনে বাংলাদেশ বিমান বাহিনীর একটি প্রশিক্ষণ বিমান বিধ্বস্তের ঘটনায় নিহতদের জন্য গভীর শোক প্রকাশ এবং তাদের ও আহতদের পরিবার ও আপনজনদের প্রতি আন্তরিক সমবেদনা জ্ঞাপন করেছে ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ) ও তার সহযোগি সংগঠনসমূহ।

আজ ২২ জুলাই ২০২৫ মঙ্গলবার সংবাদ মাধ্যমে দেয়া এক বিবৃতিতে ইউপিডিএফের সভাপতি প্রসিত বিকাশ খীসা, পার্বত্য চট্টগ্রাম নারী সংঘের সভাপতি কণিকা দেওয়ান, গণতান্ত্রিক যুব ফোরামের সভাপতি জিকো ত্রিপুরা, হিল উইমেন্স ফেডারেশনের সভাপতি নীতি চাকমা ও পাহাড়ি ছাত্র পরিষদের সভাপতি অমল ত্রিপুরা উক্ত ঘটনায় আহতদের দ্রুত আরোগ্য কামনা করেন।

নেতৃবৃন্দ বিমানটি বিধ্বস্তের সঠিক কারণ চিহ্নিত করতে কারিগরি দক্ষতাসম্পন্ন একটি শক্তিশালী তদন্ত কমিটি গঠনের দাবি জানিয়ে বলেন, 'যদিও আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তর (আইএসপিআর) বিধ্বস্ত হওয়াকে দুর্ঘটনা বলে দাবি করছে, তারপরও ঘটনার প্রকৃত কারণ জানতে নিখুঁতভাবে তদন্ত হওয়া প্রয়োজন।'

কী কারণে বিমানটি বিধ্বস্ত হয়েছে তা জানার অধিকার দেশের জনগনের রয়েছে মন্তব্য করে তারা বলেন, 'এক্ষেত্রে কারোর অপরাধমূলক অবহেলা (ক্রিমিন্যাল নেগলিজেন্স) থাকলে সরকারকে তার বিরুদ্ধে যথাযথ শাস্তিমূলক ব্যবস্থা নিতে হবে এবং এছাড়া কোন কাঠামোগত অব্যবস্থাপনা বা ক্রটি থাকলে তাও দূর করতে হবে। '

নেতৃবৃন্দ নিহতদের পরিবারবর্গকে যথাযথ ক্ষতিপূরণ প্রদান এবং আহতদের সুচিকিৎসার বন্দোবস্ত ও পুনর্বাসনের জন্য সরকারের কাছে দাবি জানান।

বার্তা প্রেরক

নিরনচাকমা

**নিরন চাকমা**
প্রচার ও প্রকাশনা বিভাগ
ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)।